

সবার বিশ্ববিদ্যালয়ে যাওয়ার দরকার নেই

—ইউজিসি চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদক •
সবার বিশ্ববিদ্যালয়ে যাওয়ার দরকার নেই বলে মন্তব্য করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাভ) মিলনায়তনে উচ্চশিক্ষার মান নিশ্চিতকরণ বিষয়ে আয়োজিত এক কর্মশালায় তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, উচ্চশিক্ষার মান নিশ্চিতকরণে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের আগেই পদক্ষেপ নিয়েছে ইউল্যাভ। শুধু শিক্ষা নয়, জীবনের সব ক্ষেত্রেই মান নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ। উচ্চশিক্ষা গ্রহণের হার দিন দিন বাড়ছে মন্তব্য করে তিনি এরপর পৃষ্ঠা ৯ কলাম ৩

সবার বিশ্ববিদ্যালয়ে

(৩ এর পৃষ্ঠার পর) বলেন, সবার বিশ্ববিদ্যালয়ে যাওয়ার দরকার নেই। আরও বিকল্প আছে। কারিগরি শিক্ষার প্রসার ঘটানো প্রয়োজন। বিদেশে কাজ করার ক্ষেত্রে এ ব্যাপারে বাংলাদেশের বিরাট সুযোগ রয়েছে।

জঙ্গিবাদ নিয়ে আবদুল মান্নান বলেন, বাংলাদেশে জঙ্গিবাদ বাড়ছে। এ জন্য শিক্ষক-শিক্ষার্থীদের কোনো দোষ নেই। শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ ভালো থাকলে কেউ জঙ্গি হবে না। এ জন্য ভালো পরিবেশ নিশ্চিত করার তাগিদা দেন তিনি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইউল্যাভের উপাচার্য অধ্যাপক ইমরান রহমান। উচ্চশিক্ষার মান নিশ্চিতকরণ বিষয়ে বিশেষ প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কোয়ালিটি অ্যাসুরেন্স ইউনিটের প্রধান অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ।